



দুই শিক্ষককে হত্যার হুমকি, সরকারের জরুরি পদক্ষেপের আহ্বান শায়খ আহমাদুল্লাহর



সংগৃহীত ছবি

দেশের দুই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হত্যার হুমকির ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন আস-সুন্নাহ ফাউন্ডেশনের চেয়ারম্যান শায়খ আহমাদুল্লাহ। তিনি বলেন, হুমকিদাতাদের সমর্থন করা সমাজের জন্য অশুভ দৃষ্টান্ত। শিক্ষকদের নিরাপত্তা নিশ্চিত করা ও দায়ীদের দ্রুত আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন তিনি।

মেট্রোপলিটন বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীসহ কয়েকজন চিহ্নিত ব্যক্তি দেশের দুই বিশ্ববিদ্যালয়ের শিক্ষককে প্রাণনাশের হুমকি দেওয়ার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন ইসলামী আলোচক ও সমাজকর্মী শায়খ আহমাদুল্লাহ।

মঙ্গলবার (১৯ আগস্ট) রাতে নিজের ফেসবুক পোস্টে তিনি লেখেন, “পশ্চিমা ষড়যন্ত্রের অংশ হিসেবে বিকৃতিকে অধিকার হিসেবে প্রতিষ্ঠার প্রচেষ্টার বিরোধিতা করায় দুই শিক্ষককে হত্যার হুমকি দেওয়া হয়েছে। এ ঘটনায় আমরা গভীরভাবে চিন্তিত।”

তিনি ক্ষোভ প্রকাশ করে আরও বলেন, “দুঃখজনক হলো, হুমকিদাতাদের নিন্দা না করে উল্টো কিছু ব্যক্তি ও সংগঠন তাদের পক্ষ সমর্থন করছে। এটি কেবল শিক্ষাঙ্গন নয়, সমগ্র সমাজের জন্য ভয়ংকর দৃষ্টান্ত।”

শায়খ আহমাদুল্লাহ ঘটনাটির তীব্র নিন্দা জানিয়ে সরকারের প্রতি আহ্বান জানান—শিক্ষকদের পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং হুমকিদাতাদের বিরুদ্ধে অবিলম্বে আইনগত ব্যবস্থা নিতে হবে।